

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স -২২৩(আগরতলা, ১৬।০৪)
আমবাসা, ১৬ এপ্রিল ২০১৮

আমবাসা মহকুমায় প্রশাসনিক শিবিরের কর্মসূচি

আমবাসা মহকুমা প্রশাসনের উদ্যোগে মহকুমার গঙ্গানগর ব্লক ও আমবাসা ব্লক এলাকার দু'টি স্থানে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়েছে। এই কর্মসূচি অনুযায়ী আগামী ১৮ এপ্রিল গঙ্গানগর ব্লকের সিদ্ধা পাড়া ভিলেজের ভারত চন্দ্র পাড়া জে বি স্কুল ও ২৬ এপ্রিল আমবাসা ব্লকের কুলাই আর এফ এক্সটেনশন ভিলেজের দবরাম পাড়া জে বি স্কুলে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে।

উল্লিখিত দু'টি প্রশাসনিক ও স্বাস্থ্য শিবিরের বিভিন্ন সুযোগ সুবিধা গ্রহণ করার জন্য মহকুমা প্রশাসনের পক্ষ থেকে সংশ্লিষ্ট এলাকার জনগণকে অনুরোধ জানানো হয়েছে।
